

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.০৭.০০১.২৪-৬৩/২২


তারিখ : ০৭-০৪-২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২৫-২৬ অর্থবছরের ২য় ধাপে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তি, উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি সংক্রান্ত সকল তথ্যাদি MIS Software-এ যথাযথ প্রক্রিয়ায় স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান হতে এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরের ২য় ধাপে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধা/সাধারণ বৃত্তি, বিভিন্ন ধরনের উপবৃত্তি (সংখ্যালঘু সম্প্রদায়, উপজাতীয়, দৃষ্টি প্রতিবন্ধী, প্রতিবন্ধী, অটিস্টিক ও পেশামূলক) এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত হয়ে সাধারণ শিক্ষায় নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির অর্থ EFT-এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হবে। তাই বৃত্তি সংক্রান্ত সকল তথ্যাদি পত্রের সাথে সংযুক্ত প্রক্রিয়া ও নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ০৯ এপ্রিল, ২০২৬ তারিখ হতে ৩০ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে বৃত্তির MIS Software-এ নির্ভুলভাবে এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধনের জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ০২। যে সকল শিক্ষার্থীর ব্যাংক সংক্রান্ত সমস্যার কারণে (ব্যাংকের নাম, শাখার নাম, Routing Number, হিসাব নম্বর, একক/যৌথ হিসাব সংক্রান্ত ভুল ও Bank Account Inactive থাকা) প্রেরিত বৃত্তির অর্থ Bounced হয়েছে তাদের ব্যাংক সংক্রান্ত তথ্য সংশোধন ও Inactive Account সক্রিয়করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৩। বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর (শুধুমাত্র বোর্ডবৃত্তিপ্রাপ্ত) তথ্য পূর্বে এন্ট্রি করা হয়নি তাদের তথ্যও MIS Software-এ এন্ট্রি করতে হবে।
- ০৪। উল্লেখ্য, বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি (বৃত্তির প্রকাশিত গেজেটের সাথে মিল রেখে) ও ব্যাংক সংক্রান্ত সকল তথ্যাদি সঠিকভাবে এবং যথাসময়ে এন্ট্রি না দেয়ার কারণে শিক্ষার্থীদের বৃত্তির অর্থ প্রেরণ করা সম্ভব হয় না। এ লক্ষ্যে MIS Software-এ বৃত্তি সংক্রান্ত তথ্যাদি নির্ভুলভাবে এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধনের লক্ষ্যে পত্রের সাথে সংযুক্ত নির্দেশনাসমূহ অবশ্যই যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ০৫। বৃত্তির তথ্য এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধনের ক্ষেত্রে কোন ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দায়ী থাকবেন।

সংযুক্তি : MIS Software-এ তথ্য এন্ট্রির প্রয়োজনীয় নির্দেশনাবলী ০২ পাতা।


০৭.০৪.২৬

(কামরুন নাহার-০১৫৯১৪)
সহকারি পরিচালক (একিউএইউ)
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৪. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৫. প্রোগ্রাম এন্ট্রিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৬. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৮. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১০. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি...সকল)
১১. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)
১২. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি/বেসরকারিসকল)
১৩. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)
১৪. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৫. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

[“২০২৫-২৬ অর্থবছরের ২য় ধাপে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বৃত্তি, উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বৃত্তি সংক্রান্ত সকল তথ্যাদি MIS Software-এ যথাযথ প্রক্রিয়ায় স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান হতে এন্ট্রি এবং এন্ট্রিকৃত তথ্য সংশোধন।”-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]

১৭. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
১৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
২০. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস (সকল)
২১. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২২. সংরক্ষণ নথি।